

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সাজসজ্জা ও প্রসাধন রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পুরুষদের জন্য সোনা ছাড়া অন্য ধাতুর চেন পরা কি বৈধ?

যে অলংকার সাধারণতঃ মহিলাদের, তা পুরুষদের পরা বৈধ নয়। গলার চেন, কানের দুল, হাতে বালা ইত্যাদি পুরুষরা পরতে পারে না। কারণ তাতে মহিলাদের সাদৃশ্য অবলম্বন হয়। যেমন মহিলারা পুরুষদের মতো প্যান্ট শার্ট পরতে পারে না। কারণ তাতে পুরুষদের সাদৃশ্য অবলম্বন হয়। আল্লাহ্র রাসুল (সঃ) নারীর বেশ ধারণকারী পুরুষদেরকে এবং পুরুষের বেশ ধারণকারী মহিলাদেরকে অভিশাপ করেছেন।

অন্য বর্ণনায় আছে, 'আল্লাহ্র রাসুল (সঃ) মহিলাদের সাদৃশ্য অবলম্বনকারী পুরুষদেরকে অভিশাপ করেছেন।' (বুখারী)

আল্লাহ্র রাসুল (সঃ) সেই পুরুষকে অভিসম্পাত করেছেন, 'যে মহিলার পোশাক পরে এবং সেই মহিলাকে অভিসম্পাত করেছেন যে পুরুষের পোশাক পরিধান করে।' (আবৃ দাউদ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1450

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন